



সংবাদপত্রের নাম : : দৈনিক স্বজন
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ০৪.০৯.২০২৩

সংবাদ : :
সম্পাদকীয় : :
প্রবন্ধ/চিত্রপত্র : :

ময়মনসিংহের গৌরিপুর ও ধোবাউড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যায় উন্নীত

স্টাফ রিপোর্টার : ময়মনসিংহের গৌরিপুর ও ধোবাউড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১০ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীত করা হয়েছে। এতে ব্যয় হয়েছে প্রায় বিশ কোটি টাকা। এ ছাড়া শীর্ষই ত্রিশাল ও নান্দাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১০০ শয্যায় উন্নীত করা হবে। এতে ব্যয় হবে ১৮ কোটি টাকা। এছাড়া পুরাতন জুবাজীর্গ কমিউনিটি ক্লিনিকগুলো চিহ্নিত করে নতুন নির্মাণ, সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। ময়মনসিংহ জেলা উন্নয়ন সমন্বয় সভায় রবিবার স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ফায়ের আল হোসেন এ তথ্য জানান।

জেলা প্রশাসক মোহাম্মদ মোস্তাফিজার রহমানের সভাপতিত্বে সভায় জেলা পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ জহুরুল হক জানান, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সড়ক উন্নয়ন ও ডেনেজ নেটওয়ার্ক সহ নাগরিক সেবা উন্নতকরণ প্রকল্প এর ৫৫টি প্যাকেজের কাজ বাস্তবায়নের লক্ষ্যে কাজ চলমান। সভায় ময়মনসিংহ সিভিল সার্জন ডা. মোহাম্মদ নজরুল ইসলাম বলেন, ময়মনসিংহ করোনাতাইরাস ও তেজু বিস্তার প্রতিরোধে সকলকে সতর্ক ও সচেতন থাকার জন্য আহ্বান জানান। তিনি জানান, জেলা উপজেলা ভিত্তিক কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রম ত্বরান্বিত করা হয়েছে। বুস্টারসহ অন্যান্য ভ্যাকসিন কার্যক্রম চালু আছে এবং হাজীদের মধ্যে ৩০০০

বেকসিন প্রধান কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়েছে। ময়মনসিংহের সড়ক ও জনপদ বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী বলেন, শম্ভুগঞ্জ ব্রিজের পর চরকালি বাড়ি দরবার শরীফ রোডের (পীরের বাড়ির সামনে) অংশে যেন যানবাহন ইউটোন নিয়ে যানজট সৃষ্টি করতে না পারে সেজন্য রোড ডিভাইডারের গ্যাপ বন্ধ করা হবে। সভায় স্থানীয় সরকারের নির্বাহী প্রকৌশলী মোঃ আশরাফুজ্জামান জানান, এলজিইডির আওতাধীন

২৫ টি প্রকল্পের আওতায় ৮৩৩টি গ্রামীণ সড়ক স্কিম চলমান রয়েছে। পল্লী সড়ক মেরামত প্রকল্পের আওতায় ৭৫ কোটি টাকা বরাদ্দ এবং ৭১ টি রাস্তা মেরামতের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ময়মনসিংহ গণপূর্ত বিভাগে নির্বাহী প্রকৌশলী মোঃ জিবুর রহমান সিদ্ধিক অবহিত করেন যে, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ৭ টি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠা সহ সক্ষমতা বৃদ্ধি করণ প্রকল্পের (২য় পাতায় ৭ম কলাম দেখুন)

ময়মনসিংহের গৌরিপুর ও ধোবাউড়া

(১ম পাতার পর) আওতায় ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়ের সাইট ডেভেলপমেন্ট কার্যক্রম মূল ভবনের সাথে সমন্বয় করে কাজ করা হবে। সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ মতিউজ্জামান বলেন, প্রিনোদনা কর্মসূচির আওতায় গ্রীষ্মকালীন পৈয়াজ, আমন উফশী, হাইব্রিড বীজ ও সার বিনামূল্যে কৃষকদের মাঝে বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগাম শীতকালীন শাক সবজির বীজতলা তৈরির কাজ চলমান। সরিষা আবাদ বৃদ্ধির জন্য আমন মৌসুমে আগাম জাতের রুপা আমন ধান বি ধান-৭১, ৭৫, ৮৭ বিনা-১৭ জাতের আবাদ করা হয়েছে। সভায় জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সুমারী খাতুন জানান, ময়মনসিংহ জেলার প্রতিটি উপজেলায় একটি করে উন্নত মানের আন্ট্রাসাউন্ড মেশিন স্থাপন হয়েছে। এতে প্রাণি চিকিৎসা সহজতর হবে। জেলা খাদ্য নিয়ন্ত্রক ইকবাল বাহার চৌধুরী জানান, এ যাবৎ ২১৫১.১৬০ মে. টন ধান ও ৬৭২৫৯.৬৪০ মে. টন চাল সংগৃহীত হয়েছে।

এছাড়া সভাপতি সভায় বর্তমান বৈশ্বিক জ্বালানি পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সরকারি, আধা-সরকারি স্মার্তশাসিত দপ্তরসহ অন্যান্য বাণিজ্যিক ভবনে বিদ্যুৎ ও জ্বালানি শাশ্রয়ে পূর্ব ঘোষিত সিদ্ধান্তসমূহ কঠোরভাবে বাস্তবায়ন ও উল্লিখিত নিদর্শনা বাস্তবায়নে মনিটরিং জোরদারকরণের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান।



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ০৪.০৯.২০২৩

সংবাদ : :
সম্পাদকীয় : :
প্রবন্ধ/চিত্রিত : :

জামালপুরে বন্যায় প্রায় ৪০ হাজার মানুষ পানিবন্দি



জামালপুর প্রতিনিধি উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলে জামালপুর জেলার ইসলামপুর ও দেওয়ানগঞ্জ উপজেলার ৮টি ইউনিয়নে বন্যা দেখা দিয়েছে। বন্যা কবলিত ইউনিয়নগুলো হলো দেওয়ানগঞ্জ উপজেলার চুকাইবাড়ি ও চিকাজানী ইউনিয়ন এবং ইসলামপুর উপজেলার পাথরশী, কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, সাপধরী ও নোয়ারপাড়া ইউনিয়ন।

৩সেপ্টেম্বর (রবিবার) পর্যন্ত গত ২৪ ঘন্টায় বাহাদুরাবাদ ঘাট পেয়েছে যমুনা নদীর পানি ৬ সেন্টিমিটার হ্রাস পেয়ে বিপদ সীমার ২১ সেন্টিমিটার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। ফলে দেওয়ানগঞ্জ ও ইসলামপুর উপজেলার ৮টি ইউনিয়নে প্রায় ৪০ হাজার মানুষ পানিবন্দি হয়ে পরেছে। জেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, বর্তমানে

জামালপুর সদর উপজেলা ছাড়া বাকী ৬টি উপজেলা দেওয়ানগঞ্জ, বকশীগঞ্জ, ইসলামপুর, সরিষাবাড়ী, মাদারগঞ্জ ও মেলাদহ উপজেলার নিম্নাঞ্চলের প্রায় ২ হাজার ৮৭ হেক্টর জমির আমন ধান পানিতে তলিয়ে গেছে। এছাড়াও জেলা শিক্ষা সূত্রে জানা যায়, বন্যার কারণে ইসলামপুর উপজেলার ২৫ কিলোমিটার সড়ক জলমগ্ন হয়ে পরেছে এবং ২৫টি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান বন্ধ রয়েছে।

জেলার ত্রাণ ও পুনর্বাসন অফিস সূত্রে জানা যায়, বন্যা কবলিত দেওয়ানগঞ্জ উপজেলায় ৯০টি পরিবার ও ইসলামপুর উপজেলার ১৫টি পরিবারের মাঝে ২৪টন চাউল ও শুকনা খাবার বিতরণ করা হয়েছে। জামালপুরের জেলা প্রশাসক মো. ইমরান আহমেদ গতকাল শনিবার বন্যাদর্গত এলাকাগুলো পরিদর্শন করেছেন।